

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো  
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮  
([www.bnfe.gov.bd](http://www.bnfe.gov.bd))

স্মারক সংখ্যা-৩৮.০০.০০০০.৩০৮.০৫.০২০.১৬-১০৫/১

তারিখ : ১০ শ্রাবণ ১৪২৮  
২৫ জুলাই ২০২১


**বিষয়ঃ উদ্ভাবনী ধারণার (Innovation Idea) প্রস্তাব প্রেরণ।**

মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৩ সালের প্রজ্ঞাপন অনুযায়ী উদ্ভাবনী চর্চার বিষয়টিকে প্রাতিষ্ঠানিক রূপদানের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/সংস্থা এবং জেলা ও উপজেলা পর্যায়ে একটি করে ইনোভেশন টিম গঠন করা হয়েছে। নিজ নিজ দপ্তরের সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণ এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন ও স্বল্প সময়ে জনগণের কাছে সেবা পৌঁছে দেয়াই ইনোভেশন টিমের মূল লক্ষ্য।

২। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে বিভিন্ন ধরনের উদ্ভাবনী ধারণা বিদ্যমান রয়েছে। সারাদেশে বিরাজমান এরূপ ধারণাসমূহ সংগ্রহ করে যাচাই বাছাই করে গ্রহণযোগ্য ধারণাসমূহ বাস্তবায়নের লক্ষ্যে ব্যুরোর ইনোভেশন টিম অব্যাহতভাবে কাজ করে যাচ্ছে। সেজন্যে মাঠ পর্যায় থেকে উদ্ভাবনী ধারণাসমূহ সংগ্রহ করার নিমিত্ত উদ্ভাবনী ধারণা আহ্বান করা হলো।

৩। অভিন্ন ফরমেট না থাকায় তথ্য প্রক্রিয়াজাত করণে নানা সমস্যার সৃষ্টি হয়। তাই মাঠ পর্যায় থেকে উদ্ভাবনী ধারণাসমূহ সংগ্রহের জন্য একটি ফরমেট প্রস্তুত করা হয়েছে। উক্ত ফরমেটে ধারণা প্রেরিত হলে তা যাচাই বাছাই অন্তে গৃহীত ধারণার জন্য প্রণোদনা/পুরস্কারসহ তা সারাদেশে বিস্তারের পদক্ষেপ গ্রহণ করা হবে।

৪। বর্ণিতাবস্থায়, ওয়েব পোর্টালের ইনোভেশন কর্ণার থেকে “উদ্ভাবনী ধারণার প্রস্তাব ফরম” ডাউনলোড পূর্বক যথাযথভাবে পূরণ সাপেক্ষে প্রস্তাব প্রদত্ত ই-মেইল সমূহে [lib@bnfe.gov.bd](mailto:lib@bnfe.gov.bd), [sabnfe11@gmail.com](mailto:sabnfe11@gmail.com) আগামী ৩১ আগস্ট '২০২১ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মুর্শিদা বেগম)  
সিস্টেম এনালিস্ট  
ও  
সদস্য সচিব  
ইনোভেশন কমিটি  
ফোনঃ ২২২২৯২৭৩৮

**কার্যার্থে:**

- ১। প্রকল্প পরিচালক, বিএলপি, উশিবু, ঢাকা।
- ২। উপপরিচালক, (সকল) উশিবু, ঢাকা।
- ৩। সহকারী পরিচালক, (সকল) উশিবু, ঢাকা।
- ৪। সহকারী পরিচালক, (সকল) জেউশিবু, জেলা-----
- ৫। লাইব্রেরিয়ান/স্টোর অফিসার, উশিবু, ঢাকা।
- ৬। অফিস কপি।

**সদয় জ্ঞাতার্থেঃ**

- ১। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন), উশিবু, ঢাকা।